দৈনিক জনকণ্ঠ ২৬।

# ছাত্রলীগ কর্মীরা ইউনিয়ন নেতাকে হল থেকে মেরে বের করে দিয়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা নেতা কমলকে ছাত্রলীগ কর্মীরা শহীদুল্লাহ হল থেকে মেরে, বের করে দিয়েছে। এই ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্রলীগের ওপর ক্ষুব্ধ হয়েছে।

শনিবার গভীর রাতে ছাত্রলীগ শহীদুল্লাহ হল শাখা কর্মী বাপ্পি ও হাবিব কমলকে পুকুর পাড়ে নিয়ে মধ্যরাতে মারধর করে। কমলের রুমে এক ছাত্রকে তুলে দেয়া

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ছাত্রলীগ কর্মীরা

(১২-এর পাতার পর)

নিয়ে এই ঘটনার সূত্রপাত হয়। কমল হলের বর্ধিত ভবনের ৪৩ নম্বর কক্ষের আবাসিক ছাত্র। সে ভূগোল তৃতীয় বর্ষে অধ্যয়ন করছে। ছাত্র ইউনিয়ন নেতৃবৃন্দ এই ঘটনা উপাচার্য এবং হল প্রভোস্টকে জানিয়েছে। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়া হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।